r_emiro.Giunta - Prot. 23/04/2021.0390279.U

**কোভিড -১৯ ভ্যাকসিন সম্মতি ফর্মের সংযুক্তি**

**সাধারন তথ্য ১**

## কোভিড-১৯ মডার্না ভ্যাকসিন

### কোভিড-১৯ মডার্না ভ্যাকসিন কি এবং এটি কিসের জন্য ব্যবহৃত হয়

মডার্না হল একটি ভ্যাকসিন যা কোভিড-১৯ প্রতিরোধে ব্যবহৃত হয়, যা SARS-CoV-2 ভাইরাসের দ্বারা সৃষ্ট একটি রোগ। মডার্না ভ্যাকসিন ১৮ বছর বা তার বেশি বয়সী প্রাপ্ত বয়স্কদের দেওয়া হয়। এই ভ্যাকসিন দেহের প্রতিরোধ ব্যবস্থা (দেহের প্রাকৃতিক প্রতিরক্ষা) কে ভাইরাসের বিরুদ্ধে অ্যান্টিবডি এবং সক্রিয় রক্তকণিকা তৈরি করতে প্রভাবিত করে, যারফলে এটি কোভিড -১৯ এর বিরুদ্ধে সুরক্ষা দেয়। যেহেতু মডার্না সংশ্লিষ্ট ভাইরাসের উপস্থিতি ছাড়াই দেহের প্রতিরোধ ব্যবস্থাকে প্রভাবিত করে, তাই এটি কোভিড-১৯ সংক্রমণ করতে পারে না।

### কোভিড-১৯ মডার্না ভ্যাকসিন নেওয়ার আগে আপনার কি জানা উচিত

যদি এই ভ্যাকসিনের সক্রিয় উপাদান বা অন্য কোন উপাদানে (নীচে তালিকাভুক্ত) আপনার অ্যালার্জি থাকে তবে কোভিড-১৯ মডার্না ভ্যাকসিন দেওয়া উচিত নয়।

### সতর্কীকরণ এবং সাবধানতা

ভ্যাকসিন গ্রহণের আগে আপনার ডাক্তার বা ভ্যাকসিন কেন্দ্রে স্বাস্থ্যসেবা কর্মীর সাথে যোগাযোগ করুন, যদি:

- অন্য কোন ভ্যাকসিন গ্রহনের পর বা অতীতে কোভিড-১৯ মডার্না ভ্যাকসিন গ্রহনের পর আপনার মারাত্মক অ্যালার্জি বা শ্বাস-প্রশ্বাসের সমস্যা হয়েছিল;
- আপনি ইঞ্জেকশনের পরে অজ্ঞান হয়েছেন;
- আপনার কোন গুরুতর অসুস্থতা বা তীব্র সংক্রমণ জ্বর থাকে। তবে, আপনার যদি হালকা জ্বর বা ফুস্‌ফুসের সংক্রমণ থাকে (যেমন সর্দি) আপনি এখনও টিকা গ্রহণ করতে পারেন;
- আপনার রক্তক্ষরণের সমস্যা থাকে, রক্ত জমে কালশিটে হওয়ার প্রবণতা থাকে বা রক্ত জমাট বাঁধা প্রতিরোধে যদি ওষুধ ব্যবহার করেন;
- এইচআইভির মতো কোন রোগের কারণে বা কর্টিকোস্টেরয়েডের মতো ওষুধ যা প্রতিরোধ ব্যবস্থা আক্রান্ত করে এমন ওষুধ গ্রহনের ফলে আপনার দুর্বল প্রতিরোধ ক্ষমতা রয়েছে।

### অন্যান্য ওষুধ এবং কোভিড-১৯ মডার্না ভ্যাকসিন

আপনি সম্প্রতি ব্যবহার করছেন বা ব্যবহার করার সম্ভাবনা রয়েছে যে কোন ওষুধ বা সম্প্রতি আপনাকে অন্য কোন ভ্যাকসিন প্রয়োগ করা হয়ে থাকলে তা ভ্যাকসিনেশন সেন্টারস্থ আপনার ডাক্তার বা স্বাস্থ্যসেবা কর্মীকে বলুন।

### গর্ভাবস্থা এবং বুকের দুধ খাওয়ানো

আপনি যদি গর্ভবতী হন, সন্দেহ হয় বা গর্ভবতী হওয়ার পরিকল্পনা করেন বা বুকের দুধ পান করান তবে এই ভ্যাকসিন গ্রহণের আগে আপনার প্রাথমিক / পারিবারিক ডাক্তারের সাথে পরামর্শ করুন।

গর্ভবতী মহিলাদের মধ্যে কোভিড-১৯ মডার্না ভ্যাকসিন ব্যবহারের তথ্য সীমিত। প্রাণীর উপর করা ভ্যাকসিনের অধ্যয়ন / রিসার্চ গর্ভাবস্থা, ভ্রূণ / ভ্রূণের বিকাশ, প্রসব, বা প্রসবোত্তর বিকাশের উপর কোন প্রত্যক্ষ বা পরোক্ষ ক্ষতিকারক প্রভাব নির্দেশ করে না। গর্ভাবস্থায় কোভিড-১৯ মডার্না ভ্যাকসিন প্রয়োগ কেবল তখনই বিবেচনা করা উচিত যখন সম্ভাব্য সুবিধাগুলি মা এবং ভ্রূণের জন্য সম্ভাব্য ঝুঁকির চেয়েও বেশী হয়।

### সুরক্ষার সময়কাল এবং ভ্যাকসিন কার্যকারিতার সীমাবদ্ধতা

ভ্যাকসিন দ্বারা প্রদত্ত সুরক্ষার সময়কাল জানা যায় না; যা প্রতিষ্ঠার লক্ষ্যে ক্লিনিকাল ট্রায়ালগুলি এখনও চলছে। অন্যান্য সকল ভ্যাকসিনের মত মডার্না ভ্যাকসিন দেওয়ার ফলে এটি সকলকেই সুরক্ষা দিতে পারে না। ভ্যাকসিনের দ্বিতীয় ডোজের ১৪ দিন পর্যন্ত কোন ব্যক্তিই সম্পূর্ণরূপে সুরক্ষিত বলে বিবেচিত হয় না। অতএব, জনস্বাস্থ্য সুরক্ষার সুপারিশগুলি (মুখোশ, সামাজিক দূরত্ব এবং ঘন ঘন হাত ধোয়া) কঠোরভাবে অনুসরণ করা অব্যাহত রাখতে হবে।

r_emiro.Giunta - Prot. 23/04/2021.0390279.U



## কোভিড-১৯ মডার্না ভ্যাকসিন কিভাবে প্রয়োগ করা হয়

কোভিড-১৯ মডার্না ভ্যাকসিন বাহুর উপরের অংশে ইন্ট্রামাসকুলার ইনজেকশন হিসাবে পাতলা মিশ্রনের মাধ্যমে প্রয়োগ করা হয়। এর একটি বুস্টার ডোজ নির্ধারিত আছে এবং দ্বিতীয় ডোজটি ভ্যাকসিন সাইকেল সম্পূর্ণ করার জন্য প্রথম ডোজের ৪ সপ্তাহ (তবে কোনভাবেই ৪২ দিনের বেশি পরে নয়) পরে নেওয়ার পরামর্শ দেওয়া হয়।

এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে সর্বোত্তম প্রতিরোধ ক্ষমতা অর্জনের জন্য দ্বিতীয় ডোজ নেওয়া প্রয়োজনীয়। আপনি যদি দ্বিতীয় ডোজের জন্য নির্ধারিত তারিখে যেতে ভুলে যান তবে আপনার প্রাথমিক / পারিবারিক ডাক্তার বা টিকা কেন্দ্রের সাথে যোগাযোগ করুন যেখানে প্রথম ডোজ দেওয়া হয়েছিল।

## সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া

অন্যান্য সকল ভ্যাকসিনের মতো, কোভিড-১৯ মডার্না ভ্যাকসিন প্রয়োগের ফলে পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে, যদিও সকলের মধ্যে তা নাও হতে পারে। *অতি সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া* (প্রতি ১০ জনের মধ্যে ১ জনেরও বেশির মধ্যে হতে পারে):

- বাহুর নিচে ফুলে যাওয়া
- মাথাব্যথা
- বমি বমি ভাব, বমি করা
- পেশী, জয়েন্টে ব্যথা ও শক্ত হওয়া
- ইনজেকশন স্থানে ব্যথা বা ফুলে যাওয়া
- অত্যন্ত ক্লান্ত বোধ হওয়া
- ঠান্ডা, জ্বর বোধ হওয়া

*সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া* (প্রতি ১০ জনের মধ্যে ১ জনের পর্যন্ত হতে পারে):

- ফুসকুড়ি
- ইনজেকশনের স্থানে লালচে ভাব বা ফুলে যাওয়া

*অস্বাভাবিক পার্শ্ব প্রতিক্রিয়া* (১০০ জনের মধ্যে ১ জনের পর্যন্ত হতে পারে):

- ইনজেকশন স্থানে চুলকানি

*বিরল পার্শ্ব প্রতিক্রিয়া* (১০০০ জনের মধ্যে ১ জনের পর্যন্ত হতে পারে):

- অস্থায়ী একদিকের ফেসিয়াল ফ্ল্যাকিড পক্ষাঘাত ("বেল" পক্ষাঘাত নামে পরিচিত)
- মুখ ফুলে যাওয়া (যেসব রোগীরা আগে কসমেটিক ফেসিয়াল ইনজেকশন নিয়েছিলেন তাদের মুখের ফোলাভাব দেখা দেয়ার সম্ভাবনা রয়েছে)

*জানা নেই* (উপলব্ধ ডেটার ভিত্তিতে ফ্রিকোয়েন্সি পুনরাবৃত্তি নির্ণয় করা যায় না): গুরুতর অ্যালার্জির প্রতিক্রিয়া, অতি সংবেদনশীলতা।

যদি আপনার কোন পার্শ্ব প্রতিক্রিয়া হয়, এমনকি উপরে তালিকাভুক্ত না হলেও, আপনার ডাক্তারের সাথে বা আপনার ভ্যাকসিন কেন্দ্রের সাথে যোগাযোগ করুন।

নিম্নোক্ত ওয়েবসাইটে জাতীয় রিপোর্টিং সিস্টেমের মাধ্যমেও আপনি সরাসরি পার্শ্ব প্রতিক্রিয়া সম্বন্ধে রিপোর্ট করতে পারেন (https://www.aifa.gov.it/content/segnalazioni-reazioni-avverse).

## কোভিড-১৯ মডার্না ভ্যাকসিন যেসকল উপাদানে তৈরি

সক্রিয় উপাদান হল অ্যান্টি-কোভিড -১৯ এমআরএনএ ভ্যাকসিন।

অন্যান্য উপাদানগুলি হল: লিপিড এসএম-১০২, কোলেস্টেরল, ১,২-ডিস্টেরোয়েল-এসএন-গ্লিসারো -৩-ফসফোকলিন (ডিএসপিসি), ১,২- ডাইমাইরিস্টয়েল-রাক-গ্লিসারো -৩-মেথোক্সপোলিইথিলিন গ্লাইকোল-২০০০ (পিইজি ২০০০ ডিএমজি), ট্রমেটামল, ট্রমেটামল হাইড্রোক্লোরাইড, এসিটিক অ্যাসিড, সোডিয়াম অ্যাসিটেট ট্রাইহাইড্রেট, সুক্রোজ এবং ইনজেকশনে ব্যাবহার যোগ্য পানি।